



বার্ষিক প্রতিবেদন ২০২২



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
জুড়ী, মৌলভীবাজার।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

ভিশন : সার্বজনীন ব্যবহার বান্ধব পদ্ধতিতে নির্ভরযোগ্য, প্রাসঙ্গিক ও সময়োপযোগী তথ্য উপাত্ত সরবরাহের মাধ্যমে আন্তর্জাতিক মানের জাতীয় পরিসংখ্যান প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠা লাভ।

মিশন : (১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর দিক নির্দেশনায় ও নেতৃত্বে একটি সুসংগত, পেশাদারি, দক্ষ ও কার্যকরী পরিসংখ্যান পদ্ধতি প্রতিষ্ঠা করা;
(২) জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে তথ্য-উপাত্ত ব্যবহারকারীদের চলমান ও ক্রম বর্ধমান চাহিদা মেটাতে স্বচ্ছ ও সময়োপযোগী প্রক্রিয়ায় আন্তর্জাতিক মান ও সর্বোত্তম পরিসংখ্যান চর্চার পদ্ধতি অনুসরণ পূর্বক সরকারি পরিসংখ্যান প্রণয়ন ও প্রকাশ করা।

বিবিএসএর কার্যাবলি:

- (ক) সঠিক, নির্ভুল ও সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়নের জন্য দেশের আর্থ-সামাজিক বিভিন্ন ক্ষেত্রে জরিপ পরিচালনা;
- (খ) জনশুমারি, কৃষিশুমারি, মৎস্য ও প্রাণিসম্পদ শুমারি, অর্থনৈতিক শুমারিসহ অন্যান্য শুমারি ও জরিপের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম গ্রহণ;
- (গ) সরকারি পর্যায়ে উন্নয়ন পরিকল্পনাবিদ, নীতি-নির্ধারক, গবেষণা ও শিক্ষাপ্রতিষ্ঠান, জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা এবং অন্যান্য ব্যবহারকারীগণের চাহিদা অনুসারে দ্রুততার সাথে নির্ভরযোগ্য ও ব্যবহার বান্ধব পরিসংখ্যান সরবরাহকরণ;
- (ঘ) পরিসংখ্যান বিষয়ক নীতিমালা ও পদ্ধতি প্রণয়ন;
- (ঙ) জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (National Strategy for the Development of Statistics) সময় হালনাগাদ করণ;
- (চ) পরিসংখ্যান বিষয়ে দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ, পরিসংখ্যানের ভূমিকা ও কার্যক্রমের গুরুত্ব সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ;
- (ছ) পরিসংখ্যান কার্যক্রম সম্পাদনে তথ্য-প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ; যেকোন কর্তৃপক্ষ, পরামর্শ প্রদানকারী প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা এবং আন্তর্জাতিক সংস্থার সাথে পরিসংখ্যান বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় ও সহযোগিতা প্রদান;
- (জ) ভোক্তার মূল্য-সূচকসহ অন্যান্য মূল্যসূচক এবং জাতীয় হিসাব প্রস্তুতকরণ; অর্থনৈতিক, পরিবেশগত, সামাজিক, জনমিতিসংক্রান্ত নির্দেশক প্রণয়ন ও প্রকাশকরণ;

(ঝ) ভূমি ব্যবহার সহ বিভিন্ন ফসলের উৎপাদন, উৎপাদন-ব্যয় এবং ফসলাধীন জমির পরিমাণ প্রাক্কলন;

(ঞ) জিও-কোড সিস্টেম প্রণয়ন এবং একমাত্র জিও-কোড সিস্টেম হিসেবে উহা হালনাগাদকরণ ও সংরক্ষণ এবং অন্যান্য সকল সরকারি সংস্থা বা প্রতিষ্ঠানকে ব্যবহারের জন্য উদ্বুদ্ধকরণ;

(ট) জাতীয় জনসংখ্যা রেজিস্টার (National Population Register) প্রণয়ন ও সময় হালনাগাদকরণ;

(ঠ) সমন্বিত সেন্ট্রালজি ও গ্রাফিক্যাল ইনফরমেশন সিস্টেম (Geographic Information System) প্রণয়ন;

(ড) পরিসংখ্যানের প্রধান কার্যক্রম সমূহ আন্তর্জাতিক মানে প্রমিতকরণ (Standardization);

(ঢ) সংরক্ষণের বিকল্প ব্যবস্থাসহ জাতীয় তথ্যভান্ডার প্রণয়ন ও আধুনিক পদ্ধতিতে আর্কাইভে সংরক্ষণ;

(ণ) জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার জন্য প্রণীত সরকারি পরিসংখ্যানের মানসত্যকরণ (Authentication), পরিসংখ্যান সংক্রান্ত পরামর্শ সেবা প্রদান, সরকার কর্তৃক নির্দেশিত অন্যান্য দায়িত্ব পালন; এবং

(ত) উপর্যুক্ত দায়িত্ব পালন ও কার্যাবলি সম্পাদনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

কাজের বিবরণ:

- ৬টি প্রধান ফসল (আউশ, আমন, বোরো, গম, পাট ও আলু) এবং প্রায় ১৪০টি অপ্রধান ফসলের আয়তন ও উৎপাদন হিসাব প্রাক্কলন;
- ৬টি প্রধান ফসলের পূর্বাভাস জরিপ;
- অস্থায়ী ফসলের ক্ষয়ক্ষতির হিসাব প্রাক্কলন;
- মাসিক কৃষি মজুরী হার নিরূপন;
- ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যান;
- সেবাগ্রহীতার চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা;

অর্থবছর ২০২২-২০২৩ এ বিবিএস পরিচালিত শুমারী ও জরিপসমূহ:

- প্রায়োগিক স্বাক্ষরতা জরিপ(LAS)
- আর্থসামাজিক ও জনমিতিক জরিপ (SEDS)
- খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প(FIES)
- হস্ত ও কারু শিল্প পণ্য শিল্প
- খাত ভিত্তিক প্রতিষ্ঠা জরিপ (SBES)
- এসভিআরএস ডাটা বৈধকরণ জরিপ

গত ২০২১-২২ ও ২০২২-২০২৩ অর্থ বছরের মৌলভীবাজার জেলার জুড়ী উপজেলার ৬টি প্রধান ফসল (আউশ, আমন, বোরো, গম, পাট, আলু) এর আবাদি জমির পরিমান ও উৎপাদন হিসাবঃ

ফসলেরনাম	২০২১-২২		২০২২-২৩	
	আবাদি জমির আয়তন (একর)	উৎপাদন (মে.টন)	আবাদি জমির আয়তন (একর)	উৎপাদন (মে.টন)
আউশ	১০১৬৪.৩	১৮২৪৮.৪৪	৩৫৪৩	৩৮৮৮.১
আমন	২০৮৩১	২৪১৩০.০৮	২০৮৭০	৩৪৭৯১
বোরো	১৩৯৫৫	২২৭১৯.৭৫	১৪৭৭১	২২৫৬৩.৭৫
পাট	০.০০	০.০০	০.০০	০.০০
গম	০.০০	০.০০	০.০০	০.০০
আলু	৪২২	৩৬৬৮.৮	৫৭১	৪৯৯০

এছাড়াও ১৪০ টি অপ্রধান ফসলের মধ্যে যে সকল ফসল জুড়ী উপজেলায় চাষাবাদ করা হয় সেসকল ফসলের আয়তন (একরে), ও উৎপাদন প্রতিবেদন দেওয়া হয়।